**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০০১.৪৮.০০১.২৩-৪৬৮ তারিখ : ১১/০৫/২০২৩ খ্রি.

## নজরুল মেলা, দরিরামপুর, ত্রিশাল এর ইজারা দরপত্র বিজ্ঞপ্তি/২০২৩

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় পর্যায়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্ম বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে ত্রিশাল দরিরামপুরে (সরকারি নজরুল একাডেমী মাঠে) ২৫-২৭ মে, ২০২৩ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিন ব্যাপী অনুষ্ঠিতব্য নজরুল মেলা নিম্নবর্ণিত শর্তাধীনে অস্থায়ী ইজারা দেয়া হবে। মেলা ইজারা দেয়ার নিমিত্ত নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী দরপত্র আহবান করা যাচ্ছে। **উল্লেখ্য যে, ১ম পর্যায়ে কাঙ্খিত সরকারি মূল্য পাওয়া না গেলে পরবর্তীতে নিম্নবর্ণিত তারিখে পর্যায়ক্রমে দরপত্র গ্রহণ করা হবে। কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণযোগ্য দর না পাওয়া পর্যন্ত এই কার্যক্রম অব্যাহত থাকবে।**

দরপত্র বিবরণী :

| পর্যায় | দরপত্র ক্রয়ের সর্বশেষ তারিখ | দরপত্রের মূল্য | ত্রিশাল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দরপত্র দাখিলের তারিখ ও সময় | সরকারি মূল্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৫/০৫/২০২৩ (অফিস চলাকালীন সময়) | ৪,০০০/- | ১৬/০৫/২০২৩ দুপুর ১২:০০ টা | ৪২,৫০,০০০/- |
| ২য় পর্যায় | ১৭/০৫/২০২৩ (অফিস চলাকালীন সময়) | ৪,০০০/- | ২১/০৫/২০২৩ দুপুর ১২:০০ টা | ৪২,৫০,০০০/- |

**শর্তাবলী ঃ**

১। মেলাটি ২০২৩ সালের ২৫-২৭ মে পর্যন্ত ০৩ (তিন ) দিন মেয়াদকালের জন্য অস্থায়ী ইজারা দেয়া হবে। মেয়াদ কোনভাবেই বাড়ানো হবে না।

২। দরপত্র দাখিলের সাথে দাখিলকৃত দরের ৫০% অর্থ জামানত উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল বরাবর সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে বিডি/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। ইজারা দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক চূড়ান্তভাবে সুপারিশকৃত সর্বোচ্চ দরদাতাকে ঐ দিনের মধ্যে সাকুল্য ইজারা মূল্য পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ তার ইজারা বাতিল বলে গণ্য হবে।

৩। দাখিলকৃত দরপত্রের জামানত হতে ৫% অর্থ জামানত হিসেবে জমা থাকবে। যা মেলা শেষে ফেরত দেয়া হবে। তবে মেলা স্থলের কোনরূপ ক্ষতিসাধিত হলে কিংবা অন্য কোন আর্থিক ক্ষতির সম্মুখীন হলে সেক্ষেত্রে বাজার মূল্য অনুযায়ী ক্ষতির সমপরিমাণ অর্থ জামানত হতে কর্তন করা হবে।

৪। ইজারাদার কর্তৃক কোনক্রমেই মেলা অন্যের নিকট সাব-লীজ দেয়া যাবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গন্য হবে।

৫। ইজারাদার ইজারা প্রাপ্তির ০২ (দুই) দিনের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করবেন। তবে কোন অবস্থাতেই ২৪/০৫/২০২৩ খ্রি. তারিখের পর হবেনা।

৬। ইজারাদার নিজ খরচে মেলাস্থল পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন ও মেলার মেয়াদান্তে মেলাস্থল পরিষ্কারের ব্যবস্থা করবেন।

৭। মেলায় জুয়া, হাউজি, যাত্রা, নাটক, অশ্লীল ছবি প্রদর্শন বা জনমনে বিরক্তির উদ্রেক হয় কিংবা ধর্মীয় অনুভূতিতে আঘাত হানে বা আইন শৃঙ্খলার পরিস্থিতির অবনতি ঘটে এমন যে কোন কার্যকলাপ সম্পূর্ণ নিষিদ্ধ।

৮। মেলা সংলগ্ন প্রতিষ্ঠানের অবকাঠামো বা কোন সম্পদের কোন প্রকার ক্ষতিসাধন করা যাবে না এবং ঐ প্রতিষ্ঠানের কোন কক্ষ/সম্পদ ব্যবহারের ক্ষেত্রে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে।

০৯। মেলায় ১০ টি স্টল উপজেলা প্রশাসনের অনুকূলে সংরক্ষণ রাখতে হবে।

১০। মেলায় ব্যবহৃত বিদ্যুৎ বিল ইজারাদারকে বহন করতে হবে।

১১। দেশের প্রচলিত আইন/বিধি বহির্ভূত কার্যকলাপ সম্পূর্ণ নিষিদ্ধ।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। উপজেলা প্রশাসন কর্তৃক অনুমোদিত মাঠের লে-আউট প্ল্যান অনুযায়ী স্টল বসাতে হবে।

১৪। মেলায় আগত দর্শনার্থীদের চলাচল নির্বিঘ্ন রাখতে মেলার প্রবেশ ও বাহির পথে কোন স্টল বসানো যাবে না।

১৫। সকল ক্ষেত্রেই কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১/৫/২০২৩
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০০১.৪৮.০০১.২৩- ৪৬৮

তারিখ : ১১/০৫/২০২৩ খ্রি.

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে :</u>

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৪। মেয়র, ত্রিশাল পৌরসভা, ত্রিশাল, ময়মনসিংহ।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

<u>জ্ঞাতার্থে ও কার্যার্থে :-</u>

১। উপজেলা -------------------------------- অফিসার (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।
২। অফিসার ইন-চার্জ, ত্রিশাল থানা, ত্রিশাল, ময়মনসিংহ।
৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ত্রিশাল, ময়মনসিংহ (তাঁকে বিষয়টি ওয়েব পোর্টালে আপলোড এবং এ উপজেলার সকল অফিসারের/ চেয়ারম্যানদের ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
৪। চেয়ারম্যান ------------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)
৫ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ...................... (সকল) ইউনিয়ন ভূমি অফিস, ত্রিশাল, ময়মনসিংহ। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য বলা হলো।)
৬। নোটিশ বোর্ড অত্র কার্যালয়।

১১/৫/২০২৩
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।